

## আমরা আমাদের ত্রাণকর্তা যীশুর জন্ম উৎসব পালন করি

প্রার্থনা ৪ “গ্রিয় স্বর্গীয় পিতা, তুমি যে তোমার সবচেয়ে মহত্তম, প্রেমপূর্ণ উপহার তোমার পুত্র যীশুকে আমাদের দিয়েছ তা উপলব্ধি করতে শিশুদের সাহায্য করার জন্য এই পাঠটি ব্যবহার কর।”


আপনার পরিকল্পনা এবং স্থানীয় রীতির সঙ্গে মানানসই কার্যকলাপগুলো পছন্দ করুন।

### ১. যীশুর জন্মের বিষয় গান করুন।

কিছু সংখ্যক বিশ্বসীরা বড়দিনের সময় তাদের বন্ধুদের বাড়ীর সামনে গান করেন।

### ২. যাবপাত্রের ছবিটি নকল করুন অথবা রঙ দিন।

- যীশুর প্রথম শয্যা ছিলো যাবপাত্রে, যেখানে গরুদের এবং মেষদের খাওয়ার জন্য খড় রাখা হয়।



- বড়দিন উদ্যাপনের সময় বড়দের কাছে শিশুদের ছবিগুলো দেখাতে দিন।
- বড়দের কাছে শিশুদের ব্যাখ্যা করতে বলুন যে এই যাবপাত্র মনে করিয়ে দেয় যে যীশু আত্যন্ত দরিদ্র স্থানে জন্মগ্রহণ করেছিলেন। লোকেরা তাই তাঁকে ঈশ্বরের পুত্ররূপে চিনতে পারেনি।
- লুক ১:২৬-৩৮ পদ এবং লুক ২:১-২০ পদ থেকে শিশুদের যীশুর জন্মের গল্পটি অঙ্গু।
- একটি বড় শিশুকে অথবা শিক্ষককে ঈশ্বর পুত্র যীশুর জন্মের গল্পটি পাঠ করতে বলুন।
- ব্যাখ্যা করুন, ঈশ্বরের পুত্র মানুষ হিসাবে জন্মগ্রহণ করেছিলেন। তিনি রাজপ্রাসাদে জন্মগ্রহণ করেন নি, কিন্তু একটি গোয়াল ঘরে জন্মেছিলেন যেখানে পশুরা থাকতো।

প্রশ্নাবলী ৪: গল্পটি বলার পর, এই প্রশ্নগুলো জিজ্ঞাসা করুন। প্রতিটি প্রশ্নের পর উত্তর দেওয়া হয়েছে।

- ক) স্বর্গদূতকে দেখার পর মরিয়মের কি অনুভূতি হয়েছিল? লুক ১:২৯ পদ দেখুন।
- খ) বর্গদূত যীশুর বিষয় কি কি প্রতিজ্ঞা করেছিলেন? লুক ১:৩২-৩৩ পদ দেখুন।
- গ) স্বর্গদূতের বাণীর প্রতি মরিয়ম কিভাবে সাড়া দিয়েছিলেন? লুক ১:৩৮ পদ দেখুন।
- ঘ) যোমেক এবং মরিয়মকে বৈঞ্জলিমে কেন যেতে হয়েছিলেন? লুক ২:১-৩ পদ দেখুন। (জনগণনার জন্য রোমায় সন্দৰ্ভ লোকদের তাদের জন্মস্থানের শহরে যেতে বলেছিলেন।)
- ঙ) রিয়াম নবজাত শিশুটিকে কোথায় শুয়ে রেখেছিলেন? লুক ২:৭ পদ দেখুন।
- চ) সেই রাতে রাখালেরা কেন ভীত হয়েছিলেন? লুক ২:৮-১০ পদ দেখুন।
- ছ) রাখালেরা কিভাবে জেনে ছিলেন যে কোন শিশুটি যীশু ছিলেন? লুক ২:১১-১২ পদ দেখুন।
- জ) যীশুকে দেখার পর রাখালেরা কি করেছিলেন? লুক ২:২০ পদ দেখুন।

**8. শিশুদের যীশুর জন্মের নাটকটি বড়দের জন্য উপস্থিত করতে দিন।**

আরাধনার নেতাদের সঙ্গে নাটকটি উপস্থাপনের আয়োজন করুন। সম্ভব হলে কয়েক সপ্তাহ পূর্ব থেকে প্রস্তুতি শুরু করুন।

- সময় সীমিত হলে নাটকটির কম গুরুত্বপূর্ণ কয়েকটি অংশ বাদ দিয়ে দিন।
- শিশুদের সংখ্যা কম থাকলে সহজ চারিত্রণলোতে প্রতিবাসীদের শিশুদের অথবা বড়দের অভিনয় করতে সাহায্য করতে বলুন।
- প্রয়োজন হলে নাটকটিতে কিছু সংযোজন বা পরিবর্তন করুন যাতে ঘটনাগুলো হানীয় রীতির সঙ্গে মানানসই হয়।

**শিক্ষকদের এবং বড় শিশুদের জন্য প্রস্তুতি :**

- বর্ণনাকারী : গল্পটি সংক্ষিপ্ত করার চেষ্টা করুন। শিশুদের কি বলতে ও করতে হবে সেই বিষয়ে মহড়া দিতে সাহায্য করুন।
- মরিয়ম এবং যোষেফ : মরিয়ম যীশুর প্রতিনিধিত্বকারী একটি পুতুল ধরে থাকবে। পুতুলটিকে কাপড় জড়িয়ে রাখবে।
- স্বর্গদূত গারিয়েল : সম্ভব হলে সাদা পোষাকে পরিধান করবে। সাদা চাদর বস্ত্র হিসাবে ব্যবহার করতে পারে।

**ছেট শিশুদের জন্য প্রস্তুতি :**

- সারাইখানার মালিক, গোয়াল ঘরের গরু, রাখালগণ এবং তাদের মেষদের চারিত্রণলো চিরায়িত করবে বা অভিনয় করবে।
- রাখালদের হাতে লম্বা লাঠীকরে।
- একটা বড় বাক্সে ঘাস অথবা খড় দিয়ে যাবপাত্র তৈরী করতে হবে।

**গল্পের প্রথম অংশ (মরিয়ম এবং গারিয়েল স্বর্গদূত)**

বর্ণনাকারী : লুক ১:২৬-৩৮ পদ পাঠ করবে অথবা মন থেকে বলবে। তারপর বলবে, “শুনুন, গারিয়েল স্বর্গদূত কি বলছেন।”

গারিয়েল : (উচ্চরণে কথা বলবে) মঙ্গলবাদ করি, মরিয়ম। ভয় পেয়ো না। তুমি একটি সন্তানের জন্ম দেবে, তিনি পরাম্পরের পুত্র যীশু নামে অভিহিত হবেন। তিনি রাজা হবেন।”

মরিয়ম : “কিন্তু আমার স্বামী নেই।”

গারিয়েল : “ঈশ্বর তোমাকে এই সন্তান দেবেন।”

মরিয়ম : “আমি ঈশ্বরের সন্তান। আপনার কথা মত আমি কাজ করব।”

**ভাগ ২ (মরিয়ম, যোষেফ, রাখালেরা, সারাইখানার মালিক, গরু)**

বর্ণনাকারী : লুক ২:১-৭ পদ পাঠ করবে অথবা মন থেকে বলবে। তারপর বলবে, “শুনুন, যোষেফ কি বলছেন।”

যোষেফ : “মরিয়ম, আমাদের অবশ্যই নাম নথিভুক্ত করতে বৈংলেহমে যেতে হবে।” সন্তান জনগণনার আদেশ দিয়েছেন।

মরিয়ম : “তাড়াতাড়ি, যোষেফ, শিশুটি এখনই বেড়িয়ে আসছে। দেখ, এখানে একটা সারাইখানা।”

যোষেফ : সারাইখানার মালিক যেখানে দাঁড়িয়ে আছেন সেদিকে হেঁটে যাবেন। দরজায় শব্দ করার ভান করবেন।

“হ্লুক্ট্যক! ঠক্ট্যক!” উচ্চরণে ডাকবেন, “সারাইখানার মালিক, আপনার কাছে আমাদের জন্য কি একটা ঘর হবে?”

সারাইখানার মালিক : “না, কিন্তু আপনারা আমার গোয়ালঘরে গুরুদের সঙ্গে দুমাতে পারেন।”

যোষেফ : মরিয়মকে ধরবেন এবং যাবপাত্রের কাছে নিয়ে যাবেন।

গরুরা : হাত ও হাঁটুতে ভর দিয়ে মরিয়মের চারিদিকে হামাগুড়ি দিয়ে ঘূরবে এবং হান্তা হান্তা করে ডাকতে শুরু করবে।

মরিয়ম : পুতুলটাকে কাপড় দিয়ে জড়াবে। বাক্সে মধ্যে শুইয়ে দেবে এবং বলবে, “যীশু জন্মেছেন।”

### **ভাগ - ৩ (রাখালগণ এবং মেয়েরদল)**

**বর্ণনাকারী :** লুক ২১৮-২০ পদ পাঠ করবেন অথবা মন থেকে বলবেন। তারপর তিনি বলবেন, “শুনুন, রাখালেরা কি বলছেন।”

তিনজন রাখাল বলবেন, “আজ বড় ঠাণ্ডা পড়েছে। তারাণ্ডোও খুব উজ্জ্বল দেখাচ্ছে, মেষণ্ডোও পরিতৃপ্ত।”

মেয়েরা : মেয়েরা রাখালদের চারিদিকে হামাগুড়ি দিয়ে ঘূরবে। মেয়ের মত ডাকবে।

**স্বর্গদূতগণ এবং রাখালগণ :** স্বর্গদূতদের আবির্ভাব হবে। রাখালেরা ভয়ে ভুমিতে পড়ে যাবেন।

**স্বর্গদূতগণ :** “রাখালেরা! তোমরা ভয় করো না। আমরা তোমাদের জন্য সুসমাচার এনেছি। একটি শিশু জন্মেছেন। তিনি প্রভু, খ্রীষ্ট। তোমরা তাঁকে বেঁলেহুমে কাপড় জড়নো অবস্থায় যাবপাত্রে শুয়ে থাকতে দেখতে পাবে।”

রাখালদের নেতা : “চল দেখে আসি! তাড়াতাড়ি!”

রাখালেরা : (যীশু যেখানে আছেন সেখানে ছুটে যাবেন। বাস্তোর দিকে দেখবেন এবং জানু পাতিত করবেন। কয়েক মুহূর্তপর তারা উঠবেন।)

রাখালদের নেতা : “ঈশ্বরের প্রশংসা হোক। তাঁর অভিযিক্ত খ্রীষ্ট জন্মেছেন। প্রভু আমাদের সঙ্গে আছেন।”

**বর্ণনাকারী :** নাটকটি সমাপ্ত হলে তিনি শিশুদের এবং যারা নাটকটির প্রস্তুতিতে সাহায্য করেছেন তাদের প্রত্যেককে ধন্যবাদ দেবেন।

প্রশ্নাবলী : কার্যকলাপ ২ এর অধীনে যে প্রশ্নাবলী প্রদত্ত হয়েছে, শিশুদের সেই প্রশ্নগুলো বড়দের কাছে জিজ্ঞাসা করতে দিন।

লুক ২১:১৪ পদটি মুখস্থ করুন।

কবিতা : তিনজন শিশুকে মরিয়ামের প্রার্থনার পদগুলো আবৃত্তি করতে বলুন, লুক ১:৪৬-৫৫পদ। শিশুদের আপনার বলারপরে পরে পুনরাবৃত্তি করতে দিন।

“পরাত্পর ঈশ্বরের মহিমা কীর্তন করি।” (শিশুরা পুণরাবৃত্তি করবে)

“প্রভু, আমরা তোমার প্রশংসা করি, কারণ তুমি আমাদের তোমার পুত্রকে দিয়েছ।” (পুণরাবৃত্তি)

“তুমি তোমার পুত্রকে ঐশ্বর্যপূর্ণ রাজপ্রাসাদ দাও নি।” (পুণরাবৃত্তি)

“তুমি তাঁকে দরিদ্র ও অসহায়দের কাছে পাঠিয়েছ,” (পুণরাবৃত্তি)

“আমাদের সমস্ত মন্দতা এবং যন্ত্রণা থেকে রক্ষা করতে তুমি তাঁকে পাঠিয়ে ছিলে।” (পুণরাবৃত্তি)

“আমরা রাখাল এবং স্বর্গদূতদের মত আনন্দের সঙ্গে তাঁর জন্মোৎসব উদ্যাপন করি।” (পুণরাবৃত্তি)

“যীশুর নামে এই প্রার্থনা চাই, আমেন।” (পুণরাবৃত্তি)